# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**12-05-2026** **Time: 1.30 PM**

---

## বিশেষ বিশেষ খবরঃ–

১) অসমে হিমন্ত বিশ্বশর্মার নেতৃত্বে নতুন মন্ত্রিসভা আজ শপথ নিয়েছেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে শপথ নেন আরো চার মন্ত্রী।
প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, প্রতিরক্ষা মন্ত্রী সহ কেন্দ্রীয় মন্ত্রী সভার একাধিক সদস্য, বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা অনুষ্ঠানে উপস্থিত রয়েছেন।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিম এশিয়ার সংঘাতকে এদশকের অন্যতম বড় সংকট বলে অভিহিত করে এই সময়ে দেশবাসীকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন।
তিনি এমাসের ১৫ তারিখ থেকে ৫ দেশ সফরে রওনা দিচ্ছেন।

৩) আন্তর্জাতিক নার্স দিবসে আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ১৫ জন পেশাদার নার্সকে ফ্লোরেন্স নাইটিঙ্গেল পুরস্কারে ভূষিত করেছেন।

৪) ফ্রেঞ্চ রিভিয়েরায় বার্ষিক কান চলচ্চিত্র উৎসব আজ শুরু হচ্ছে।

৫) ভারতীয় আবহাওয়া দপ্তর আইএমডি উত্তরাখণ্ডের উত্তরকাশী, চামোলি, রুদ্রপ্রয়াগ, বাগেশ্বর এবং পিথোরাগড় জেলায় আগামী ৩৬ ঘণ্টার জন্য বৃষ্টির কমলা সতর্কতা জারি করেছে।

৬) আইসিসি টি টোয়েন্টি বিশ্বকাপ থেকে বাংলাদেশ সরে দাঁড়ানোর বিষয়ে তদন্ত করতে তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে।

oooooooooooooooooooooo

অসমে বিজেপি নেতা ড হিমন্ত বিশ্বশর্মার নেতৃত্বে নতুন মন্ত্রিসভা আজ শপথ নেবে। এ জন্যে সমস্ত প্রস্তুতি সম্পূর্ণ। রাজ্যপাল লক্ষন প্রসাদ আচার্য , মুখ্যমন্ত্রীকেও শপথ বাক্য পাঠ করান।

(বাইট- হেমন্ত বিশ্বশর্মা)

হিমন্ত বিশ্ব শর্মার সঙ্গে শপথ নিয়েছেন আরও চারজন মন্ত্রী। এদের মধ্যে দুজন বিজেপির, বাকি দুজন - জোটসঙ্গী দল অসম গণ পরিষদ ও বোড়োল্যান্ড পিপলস ফ্রন্ট থেকে নির্বাচিত।

খানাপাড়ায় ভেটেরিনারি কলেজ ময়দানে শপথগ্রহন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্রমন্ত্রী অমিতশাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, বিজেপি সভাপতি নীতিন নবীন প্রমুখ উপস্থিত থাকবেন। বিজেপি শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রীরাও যোগ দেবেন এই শপথ গ্রহণ অনুষ্ঠানে।পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ও এই শপথ গ্রহন অনুষ্ঠানে অংশ নিতে অসম যাচ্ছেন। এনডিএ জোটের বাইরের নেতাদের মধ্যে মিজোরামের মুখ্যমন্ত্রী এই শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগ দেবেন।

খানাপারা ময়দানে হাজার হাজার মানুষের বসার ব্যবস্থা রেখে ব্যাপক আয়োজন করা হয়েছে। এছাড়া বিভিন্ন স্তরের বিশিষ্ট অতিথিদের জন্য আলাদা আলাদা মঞ্চও তৈরি করা হয়েছে।

উল্লেখ্য, এই নিয়ে পরপর তিন বার এন ডি এ অসমে ক্ষমতা দখল করতে চলেছে। হিমন্ত বিশ্বশরমা ও প্রথম অকংগ্রেসি মুখ্যমন্ত্রী হিসেবে তৃতীয়বার শপথ নিচ্ছেন।

oooooooooooooooooooooo

পুদুচেরীর মুখ্যমন্ত্রী হিসেবে এন ডি এ নেতা এন রঙ্গস্বামীর শপথগ্রহনের জন্য জোরদার প্রস্তুতি চলছে। আগামীকাল লোকনিবাসে এক বিশেষ অনুষ্ঠানে উপরাজ্যপাল কে কৈলাশনাথন পদ ও মন্ত্রগুপ্তির শপথবাক্য পাঠ করাবেন। আকাশবাণীর সংবাদদাতা

জানাচ্ছেন, কেন্দ্রীয় মন্ত্রী বিজেপির নির্বাচনী দায়িত্বপ্রাপ্ত ড মনসুখ মান্ডভিয়া, দলের সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, রাজ্য সভাপতি ভি পি রামালিঙ্গম অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। যে সব বরিষ্ঠ বিজেপি নেতা পুদুচেরী পৌঁছাবেন, তাদের বিমানবন্দরে স্বাগত জানানো হবে। বিজেপি বিধায়কদের সঙ্গে কথাও বলবেন নীতিন নবীন।

oooooooooooooooooooooo

তামিলনাড়ুতে রাজনৈতিক পরিস্থিতি এক নতুন মোড় নিয়েছে। ৩০ জন এআইডিএমকে বিধায়কের একটি দল, পি ভেনুমনিকে তাদের পরিষদীয় দলনেতা এবং সি বিজয় ভাস্করকে সচেতক হিসাবে বেছে নিয়েছে। অধ্যক্ষ প্রতিম কারুকপাইয়ার সঙ্গে দেখা করে তারা গতকাল তাদের স্বাক্ষর সম্বলিত একটি চিঠি তুলে দেন।

অন্যদিকে, ১৭ জন বিধায়কের আর একটি দল এরাপ্পারি পালানিস্বামীকে পরিষদীয় দলনেতা হিসাবে নির্বাচিত করেছেন।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী সি যোশেফ বিজয়ের নেতৃত্বে নতুন সরকার ইতোমধ্যেই শপথ গ্রহণ করেছেন। মুখ্যমন্ত্রীকে আগামীকালের মধ্যে বিধানসভায় তাঁর সংখ্যাগরিষ্ঠতা প্রমাণ করতে হবে।

oooooooooooooooooooooo

পশ্চিম এশিয়া সংকটের প্রেক্ষাপটে বিদেশী মুদ্রা সাশ্রয়ের লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে জ্বালানি সাশ্রয় এবং বিদেশি পণ্যের ব্যবহার কমিয়ে আনার আহ্বান জানিয়েছেন। গতকাল সন্ধ্যায় গুজরাটের ভাদোদরায় শ্রী মোদী তাঁর পূর্বের সেই আহ্বানেরই পুনরাবৃত্তি করেন, যেখানে কোভিড অতিমারির সময়ে বিভিন্ন পদ্ধতি, যেমন-ওয়ার্ক ফ্রম হোম, অনলাইন ক্লাস, ভার্চুয়াল বৈঠক এবং পেট্রোল ও ডিজেলের ব্যবহার কমিয়ে আনার বিষয়গুলো পুনরায় চালু করার কথা বলা হয়েছিল। আমদানি হ্রাস এবং দেশকে এই সংকট থেকে উত্তরণে সহায়তা করার লক্ষ্যে সম্মিলিত প্রচেষ্টার

প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে প্রধানমন্ত্রী বলেন, দেশের সম্পদের ওপর থেকে বোঝা কমাতে আমাদের সকলের একজোট হওয়া এবং নিজ নিজ দায়িত্ব পালন করা প্রয়োজন।

oooooooooooooooooooooo

সরকার জানিয়েছে যে, দেশে পেট্রোল ও ডিজেলের পর্যাপ্ত মজুদ রয়েছে এবং ঘরোয়া রান্নার প্রয়োজনে এলপিজির সরবরাহ নিরবচ্ছিন্নভাবে বজায় রাখা হচ্ছে। গতকাল নতুন দিল্লিতে পশ্চিম এশিয়ার সাম্প্রতিক ঘটনাবলী বিশগয়ে আন্তমন্ত্রক বৈঠকে বক্তব্য রাখার সময়, পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা জানান যে, কোনো এল পি জি ডিস্ট্রিবিউটরশিপে সিলিন্ডারের মজুদ ফুরিয়ে যাওয়ার কোনো খবর পাওয়া যায় নি। গত তিন দিনে রান্নার কাজে ব্যবহৃত ১ কোটি ২৬ লক্ষেরও বেশি সিলিন্ডার ব্যুকিং এর মাধ্যমে গ্রাহকদের কাছে পৌঁছে দেওয়া হয়েছে।

রাসায়নিক ও সার মন্ত্রকের অতিরিক্ত সচিব অপর্ণা শর্মা জানান যে, ২০২৬ সালের খরিফ মরসুমের জন্য দেশে সারের মজুদ ৫১ শতাংশেরও বেশি রয়েছে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী শুক্রবার ১৫ ই মে ৫ দেশ সফরে রওনা দেবেন। সংযুক্ত আরব আমির শাহি, নেদারল্যান্ডস, সুইডেন, নরওয়ে ও ইতালিতে তাঁর এই সফর হবে ৬ দিন।

সফরের প্রথম পর্যায়ে শ্রী মোদী শুক্রবার সংযুক্ত আরব আমির শাহিতে পৌঁছে সেখানকার রাষ্ট্রপতি শেখ মহম্মন বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে সাক্ষাত্ করবেন। উভয় নেতা দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়ে, বিশেষ করে শক্তি ক্ষেত্রে সহযোগিতা এবং পারস্পারিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চিলক ও আন্তর্জাতিক নানান বিষয়ে মত বিনিময় করবেন।

সফরের দ্বিতীয় পর্যায়ে প্রধানমন্ত্রী যাবেন নেদারল্যান্ডসে। সেখানে তিনি রাজা উইলিয়াম অ্যালেকজান্ডার এবং রানী ম্যাক্সিমার সঙ্গে সাক্ষাত্ করবেন।

সফরের তৃতীয় পর্যায়ে শ্রী মোদী রবিবার সুইডেনের কোটেনবার্গে যাবেন। সেখানে সুইডিস প্রধানমন্ত্রী উল্ফ ক্রিস্টারসনের সঙ্গে দ্বিপাক্ষিক বাণিজ্য ও সম্পর্কের বিভিন্ন দিক খতিয়ে দেখবেন তারা।

চতুর্থ পর্যায়ে প্রধানমন্ত্রী নরওয়ে পৌঁছবেন। তৃতীয় ভারত নর্ডিক শিখর সম্মেলন যোগদানের পাশাপাশি এটি শ্রী মোদীর নরওয়েতে প্রথম সফর।

সফরের চূড়ান্ত পর্যায়ে শ্রী মোদী যাবেন ইতালিতে। সেখানে রাষ্ট্রপতি সার্গিও মাতারেলা ও প্রধানমন্ত্রী জর্জিয়া মেলনের সঙ্গে তিনি বৈঠক করবেন।

বিদেশ মন্ত্রক সূত্রে জানা গেছে, প্রধামন্ত্রীর এই সফর ইউরোপের বিভিন্ন দেশের সঙ্গে অংশীদারিত্ব আরও জোরদার করবে।

oooooooooooooooooooooo

দেশের প্রগতির লক্ষ্যে প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী আত্ম নির্ভর ভারত এর যে ডাক দিয়েছিলেন , তার আজ ৬ বছর পূর্ণ হোল। ২০২০ সালের আজকের দিন অর্থাৎ ১২ই মে ই এর সূচনা হয়েছিলো ।

আর্থিক বিকাশ, আধুনিক পরিকাঠামো, ব্যাবস্থা (System), ও চাহিদা সহ (Demand), পাচঁটি স্তম্ভের ওপর মূলত দাঁড়িয়ে রয়েছে এই আত্ম নির্ভর ভারতের ভাবনা। দেশকে সম্পূর্ণ স্ব নির্ভর ও স্বাবলম্বী করার সুদূর প্রসারী এক পরিকল্পনা হলো এই আত্ম নির্ভর ভারত।

oooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাষ্ট্রপতি ভবনে আন্তর্জাতিক নার্স দিবস উপলক্ষ্যে এক অনুষ্ঠানে পনেরো জন নার্সদের হাতে জাতীয় ফ্লোরেন্স নাইটিঙ্গেল পুরস্কার তুলে

দেন। নার্সিং ক্ষেত্রে তাঁদের অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ এই সম্মান প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা, স্বাস্থ্য প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব -সহ স্বাস্থ্য মন্ত্রকের একাধিক ঊর্ধ্বতন আধিকারিক।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক নার্স বা সেবিকা দিবস উদযাপিত হচ্ছে। এবারের মূল ভাবনা- নার্স রা আমাদের ভবিষ্যৎ, নার্সদের ক্ষমতায়ন জীবন রক্ষা করে।

oooooooooooooooooooooo

পুর নিয়োগ দুর্নীতি মামলায় ধৃত পশ্চিমবঙ্গের প্রাক্তন দমকলমন্ত্রী সুজিত বসুকে আদালতে পেশ করা হয়েছে।

সিজিও কমপ্লেক্সে ইডি-র দফতরে গতকাল সাড়ে ১০ ঘন্টারও বেশি জিজ্ঞাসবাদের পর বয়ানে অসঙ্গতি, প্রশ্নের উত্তর এড়ানো সহ একাধিক অভিযোগে রাত ৯ টা নাগাদ তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারের পর রাতেই সুজিত বসুর শারীরিক পরীক্ষা করা হয়।

উল্লেখ্য, দক্ষিণ দমদম পুরসভার সঙ্গে দীর্ঘদিন যুক্ত থাকার সময়ে নিয়োগ প্রক্রিয়ায় সুজিত বসুর ভূমিকা ছিল বলে অভিযোগ। সেখানে বেআইনীভাবে অন্তত দেড়শো লোকের তিনি চাকরীর ব্যবস্থা করেন। সেই দেড়শো জনের তালিকাও রয়েছে ইডির হাতে।

oooooooooooooooooooooo

বিজেপি বলেছে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিমবঙ্গকে দুর্নীতি মুক্ত করার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, সুজিত বসুর গ্রেপ্তার তারই প্রথম পদক্ষেপ।

দলের নেতা রাজ্যের নবনিযুক্ত মন্ত্রী নিশীথ প্রামাণিক বলেছেন, এই দুর্নীতিতে জড়িত সকলেই শাস্তি পাবে।

প্রদেশ কংগ্রেসের মুখপাত্র সৌম্য আইচ রায় বলেছেন, এই তদন্তের কিনারা হয় কিনা, গোটা রাজ্যের মানুষ সেইদিকে তাকিয়ে রয়েছেন।

এদিকে সিপিআইএম বলেছে, সুজিত বসুর আরও আগেই গ্রেপ্তার হওয়া দরকার ছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ফ্রান্সের ভূমধ্যসাগর সংলগ্ন ফ্রেঞ্চ রিভিয়েরায় ইন্ডি ফিল্মের বার্ষিক কান চলচ্চিত্র উৎসব আজ শুরু হচ্ছে। রেড কার্পেটে হাঁটবেন হলিউডের তারকা জন ট্রাভোল্টা, অ্যাডাম ড্রাইভার এবং বারবারা স্ট্রাইস্যান্ড সহ আরও অনেক সুপার স্টার ।
উল্লেখ্য, কান বিশ্বের সবচেয়ে বড় ইন্ডি ফিল্ম উৎসব। **১৯৩৯** সালে, ইতালির ফ্যাসিস্ট শাসকদের প্রভাবাধীন ভেনিস চলচ্চিত্র উৎসবের বিকল্প হিসেবে—কান চলচ্চিত্র উৎসবের পরিকল্পনা করা হলেও দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণে বিলম্বিত হয়ে **১৯৪৬** সালে প্রথম এই উৎসব শুরু হয় ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

চীনের হুনান প্রদেশে একটি আবাসিক ভবনে অগ্নিকাণ্ডে পাঁচজন নিহত ও আরও দুজন আহত হয়েছেন। স্থানীয় জরুরি ব্যবস্থাপনা ব্যুরো জানিয়েছে এই অগ্নিকাণ্ড হেংইয়াং শহরের ইয়ানফেং জেলায় ঘটেছে। আহতদের চিকিৎসা চলছে। অগ্নিকাণ্ডের কারণ অনুসন্ধানে তদন্ত শুরু হয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতীয় আবহাওয়া দপ্তর আইএমডি উত্তরাখণ্ডের উত্তরকাশী, চামোলি, রুদ্রপ্রয়াগ, বাগেশ্বর এবং পিথোরাগড় জেলায় আগামী ৩৬ ঘণ্টার জন্য বৃষ্টির কমলা সতর্কতা জারি করেছে, এবং বাকি জেলাগুলির জন্য হলুদ সতর্কতা জারি করা হয়েছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, এই সময়ে রাজ্যের বিভিন্ন অংশে শিলাবৃষ্টি এবং দমকা হাওয়ার সম্ভাবনা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশ সরকার ২০২৬ সালের আইসিসি পুরুষদের টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকে বিতর্কিতভাবে সরে দাঁড়ানোর ঘটনায় তদন্ত করতে তিন সদস্যের একটি কমিটি গঠন করেছে। যুব ও ক্রীড়া মন্ত্রকের বিজ্ঞপ্তি অনুযায়ী, অতিরিক্ত প্রশাসনিক সচিব ড. একেএম ওয়ালি উল্লাহ কমিটির প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন। প্রাক্তন বাংলাদেশ অধিনায়ক হাবিবুল বাশার এবং সুপ্রিম কোর্টের আইনজীবী ও ক্রীড়া সংগঠক ব্যারিস্টার ফয়সাল দস্তগীর সদস্য হিসেবে নিযুক্ত হয়েছেন। কমিটিকে ১৫ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট নভলসাং পার্মার)

০০০০০০০০০০০০০০০০০০০০০

আমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে আজ আই পি এল ক্রিকেট ম্যাচে গুজরাট টাইটান্স, সানরাইজার্স হায়দ্রাবাদ-এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই ১১ ম্যাচে ১৪ পয়েন্ট করে সংগ্রহ করেছে। নেট রানরেট এগিয়ে থাকায় সানরাইজার্স পয়েন্ট তালিকায় দ্বিতীয় ও গুজরাট তৃতীয় স্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০